72

দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 3 1999 ...
পৃষ্ঠা ... 22 কলাম ... ৫ ...

# বইমেলা সফল করার আহ্বান

চট্টগ্রাম অফিস ।। অমর একুশে উপলক্ষে শহীদ মিনার এবং মুসলিম হল চত্বরে পক্ষকালব্যাপী একুশে মেলার আয়োজনকারী একুশ মেলা পরিষদের সাথে নগরীর পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির এক যৌথ সভা জেলা প্রশাসক মোহাম্মদ হাসানের সভাপতিত্বে গত বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। সভায় সমিতির চট্টগ্রাম শাখার সাধারণ সম্পাদক এ,এম, এম, শাহাবুদ্দীন, মনীষা পাবলিশার্সের কর্ণধার অধীর দাশ, সমিতিরসহ সভাপতি এম, ফজল আহমদ হারুন, বিভাগীয় পাবলিক লাইব্রেরীর হারুনুর রশীদ, শিশু একাডেমীর মুক্তারুল আলম, ইসলামিক ফাউণ্ডেশনের সহকারী পরিচালক সরকার সরোয়ার আলম, এলাকা শিক্ষা ব্যবস্থাপক রফিকুর রহমান, মেলা কমিটির মহাসচিব নাসির উদ্দিন চৌধুরী, কবি-সাংবাদিক অরুন দাশগুপ্ত, আহমেদ ইকবাল হায়দার, যদু গোপাল বৈষ্ণব প্রমুখ আলোচনা করেন। সভায় চট্টগ্রাম বই মেলাকে সফল ও সার্থক করার জন্য পুস্তক-সংশ্লিষ্ট এবং দলমত নির্বিশেষে সকল সংস্কৃতিকর্মী ও বুদ্ধিজীবীকে আগাইয়া আসার আহ্বান জানানো হয়। উল্লেখ্য, আগামী ১৪ই ফেব্রুয়ারী হইতে এই মেলা শুরু হইবে।